



নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি
মানব সম্পদ বিভাগ
বেগমগঞ্জ, নোয়াখালী
pbs.noakhali.gov.bd

নম্বর: ২৭.১২.৭৫০৭.৫৩১.০২.০০৮.১৯.৯৩৮

তারিখ: ১৭ জ্যৈষ্ঠ ১৪৩০

৩১ মে ২০২৩

“মেডিকেল রিটেইনার ডাক্তার নিয়োগ এর পুনঃ বিজ্ঞপ্তি”

নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতির আওতাধীন সেনবাগ জোনাল অফিসের জন্য মেডিকেল রিটেইনার ডাক্তার (চুক্তিভিত্তিক) নিয়োগের নিমিত্তে নিম্নে উল্লিখিত শর্ত স্বাপেক্ষে বাংলাদেশের প্রকৃত যোগ্যতাসম্পন্ন নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলী:

- ০১। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।
- ০২। প্রার্থীকে সরকারী মেডিকেল কলেজ/বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত মেডিকেল কলেজ হতে এমবিবিএস পাশ হতে হবে।
- ০৩। আলোচ্য পদে ০৩ (তিন) বৎসরের জন্য চুক্তিভিত্তিতে নিয়োগ করা হবে। যে কোন পক্ষ ০১ মাসের পূর্ব নোটিশ প্রদানের মাধ্যমে চাকুরীর অবসান ঘটাতে পারবেন।
- ০৪। নিয়োগপ্রাপ্ত চিকিৎসককে সপ্তাহে ০২ (দুই) দিন নোয়াখালী পবিস-এর সেনবাগ জোনাল অফিসে ০১ (এক) ঘন্টা করে উপস্থিত থেকে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের এবং তাদের নির্ভরশীল সদস্যদের চিকিৎসা সেবা প্রদান করতে হবে। অফিসে উপস্থিত হওয়ার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ০৫। অফিসে আসার সপ্তাহের নির্ধারিত দিন ব্যতিত প্রয়োজনে চিকিৎসকের ব্যক্তিগত চেষ্টারে সমিতির যে কোন কর্মকর্তা/কর্মচারীগণ সপ্তাহের অন্যান্য দিন চিকিৎসার জন্য যেতে পারবেন। এর জন্য কোন পৃথক ভিজিট বা ফি দেয়া হবে না।
- ০৬। দুর্ঘটনা বা যে কোন জরুরী প্রয়োজনে নিয়োগপ্রাপ্ত চিকিৎসককে সমিতির ভৌগলিক এলাকায় যে কোন স্থানে যেতে হতে পারে এবং এর জন্য চিকিৎসককে প্রকৃত যাতায়াত ভাতা প্রদান করা হবে।
- ০৭। বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের অনুমোদন সাপেক্ষে তথা পবিস নীতি-নির্দেশিকার আলোকে জোনাল অফিসের জন্য নির্ধারিত হারে মাসিক সর্বোচ্চ ৮,০০০ (আট হাজার) টাকা রিটেইনার ফি প্রদান করা হবে।
- ০৮। অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা হবে।
- ০৯। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে জটিলতা দেখা দিলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। উপরিউক্ত পদে নিয়োগ পেতে আগ্রহী প্রার্থীগণ সাদা কাগজে নিম্নবর্ণিত তথ্যাদি উল্লেখপূর্বক প্রয়োজনীয় কাগজপত্র সম্বলিত দরখাস্ত আগামী ১৫/০৬/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে অবশ্যই নিম্নস্বাক্ষরকারী বরাবর পৌছাতে হবে।

(ক) আবেদনকারীর নাম (স্পষ্টাক্ষরে) :

(খ) পিতার নাম :

(গ) মাতার নাম :

(ঘ) স্থায়ী ঠিকানা :

(ঙ) বর্তমান ঠিকানা :

(চ) শিক্ষাগত যোগ্যতা :

(ছ) জন্ম তারিখ :

(জ) ধর্ম :

(ঝ) অভিজ্ঞতা :

(ঞ) সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি এবং সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

Zahid

৩১-৫-২০২৩

মোঃ জাকির হোসেন

জেনারেল ম্যানেজার

নম্বর: ২৭.১২.৭৫০৭.৫৩১.০২.০০৮.১৯.৯৩৮/১(১০৭)

তারিখ: ১৭ জ্যৈষ্ঠ ১৪৩০

৩১ মে ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) নির্বাহী পরিচালক, নির্বাহী পরিচালক এর দপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
- ২) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিণ অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
- ৩) পরিচালক (প্রশাসন), পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
- ৪) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী
- ৫) পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, নোয়াখালী
- ৬) সিভিল সার্জন, জেলা সিভিল সার্জনের কার্যালয়, নোয়াখালী
- ৭) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয়, চট্টগ্রাম জোন
- ৮) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.....পবিস-১/২/৩/৪
- ৯) ডিজিএম-কবিরহাট/চাটখিল/সেনবাগ/সোনাইমুড়ী/কোম্পানীগঞ্জ/সোনাপুর/সুবর্ণচর/আমিনবাজার জোনাল অফিস, কারিগরী- সদর দপ্তর, নপবিস।
- ১০) এজিএম (ওএন্ডএম), জেনারেল ম্যানেজার এর কার্যালয়, নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি
- ১১) সকল বিভাগীয় প্রধান, নপবিস।
- ১২) জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি-১), আইটি বিভাগ, নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি
- ১৩) জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি-২), আইটি বিভাগ, নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি
- ১৪) নোটিশ বোর্ড/ওয়েব সাইট (pbs.noakhali.gov.bd), নোয়াখালী পবিস।
- ১৫) অফিস কপি, নোয়াখালী পবিস।

Zahid

৩১-৫-২০২৩

মোঃ জাকির হোসেন

জেনারেল ম্যানেজার